# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ,ঢাকা
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং : ৯৫৬০৫৬৩
৭১১০৬৭৭
ই-মেইল : dgmtrade@krishibank.org.bd


পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৮/২০১৮ তারিখ ৩০-০১-২০১৮

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক
বিকেবি, কাওরানবাজার কর্পোরেট/ বনানী কর্পোরেট / নারায়নগঞ্জ কর্পোরেট/ চট্রগ্রাম কর্পোরেট/ আগ্রাবাদ কর্পোরেট/ খুলনা কর্পোরেট শাখা/ সিলেট কর্পোরেট শাখা।
ও
ব্যবস্থাপক
চকবাজার/ চালপট্টি/ টি-বোর্ড/ষোলশহর/ শার্শা / হালুয়াঘাট / নালিতাবাড়ী/ কুষ্টিয়া শাখা।

বিষয় : হিসাব খাত ১০১৬ - বিল অব এক্সচেঞ্জ নামের পরিবর্তে ১০১৬ - পিএডি নামে নামকরণ ও Demand Loan" এর ক্ষেত্রে ১০২৪- "Demand Loans" খাত চালু প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ৩০-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৬৯৭ তম সভায় (যা আংশিক সংশোধনপূর্বক ১৪-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত পর্ষদের ৬৯৮ তম সভায় দৃঢ়ীকৃত হয়) অভিমত ব্যক্ত করা হয় যে, গ্রাহক কর্তৃক এলসি বিল মূল্য নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করা হলে যে ঋণ সৃষ্টি করে আলোচ্য বিল মূল্য পরিশোধ করা হয়; বিকেবি কর্তৃক উক্ত ঋণকে ''বিল অব এক্সচেঞ্জ'' নামকরণ করা হয়। উক্ত ঋণকে অন্যান্য ব্যাংকের ন্যায় **''পিএডি/ Forced Loan " নামে নামকরণ করা হলে সিদ্ধান্ত গ্রহণে সুবিধা হয়। সভায় বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করা হয় :**

''গ্রাহক কর্তৃক এলসি বিল মূল্য নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করা হলে যে ঋণ সৃষ্টি করে আলোচ্য বিল মূল্য পরিশোধ করা হয় উক্ত ঋণকে ''বিল অব এক্সচেঞ্জ'' নামকরণের পরিবর্তে অন্যান্য ব্যাংকের ন্যায় **''পিএডি/ Demand Loan" নামে নামকরণ করতে হবে।"**

০৩। পর্ষদে বর্নিত সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের হিসাব খাত **১০-LOANS AND ADVANCE এর উপখাত ১০১৬ খাতের নাম 'বিল অব এক্সচেঞ্জ' এর পরিবর্তে ''১০১৬-পিএডি''**(Payment Against Documents) নামে নামকরণ করা হলো যা অবিলম্বে কার্যকর হবে। হিসাব উপখাত ১০১৬ এর নাম 'বিল অব এক্সচেঞ্জ' এর পরিবর্তে''১০১৬-পিএডি" নামে নামকরণ করা হলেও উক্তখাতে রক্ষিত বিদ্যমান বিল অব এক্সচেঞ্জ/Forced Loan এর স্থিতি **১০১৬-পিএডি হিসাব খাতেই** সংরক্ষন অব্যহত থাকবে। প্রাসংগিক বিষয়ে উল্লেখ্য, তাৎক্ষনিকভাবে আমদানি বিল লজমেন্ট রিটারমেন্ট হিসাবায়নের ক্ষেত্রে পূর্বের ন্যায় ১০১৬- পিএডি হিসাব খাত ব্যবহারও অব্যহত থাকবে।

০৪। এখন হতে যে সকল ক্ষেত্রে প্রধান কার্যালয়ের মঞ্জুরি / অনুমোদনক্রমে ব্যাক টু ব্যাক, ক্যাশ বা ডেফার্ড এলসির আমদানি বিলের বিপরীতে নতুনভাবে ঋণ সৃষ্টি করে বিল মূল্য পরিশোধ বা Forced Loan সৃষ্টি করতে হলে তা হিসাব খাত **১০২৪- "Demand Loans"** এ দায় সৃষ্টি করত বিল মূল্য পরিশোধ করতে হবে।

০৫। উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে যথাবিহীত ব্যবস্থা গ্রহনের পরামর্শ প্রদান করা হলো। কোন অস্পষ্টতা থাকলে সরাসরি অত্র বিভাগের সাথে যোগাযোগ করারও অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত,
৩০/০১/২০১৮
(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক

আঃবাঃবিঃ ১(০৭)/২০১৭-১৮/১২১৭ তারিখ ৩০-০১-২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ।
০৪। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, হিসাব বিভাগ-১, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **১০১৬- বিল অব এক্সচেঞ্জ নামের পরিবর্তে ১০১৬- পিএডি" নামে নামকরণ প্রসংগে ব্যাংকের এ্যাফেয়ার্সসহ সকল হিসাব বহির সংশ্লিষ্ট খাতের নামকরণ বর্নিত সিদ্ধান্ত অনুযায়ী পরিবর্তন করার জন্য অনুরোধ করা হলো।**
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **১০১৬- বিল অব এক্সচেঞ্জ নামের পরিবর্তে ১০১৬- পিএডি" নামে নামকরণ প্রসংগে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১১। নথি / মহানথি।

৩০/০১/২০১৮
(মোঃ মোস্তাফিজুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

F:\Dulal\Pad & U-note\1016-PAD.docx